

নির্বাচন বোর্ড কার্যালয়
বায়রা নির্বাচন ২০২৪
বাংলাদেশ এসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সীজ (বায়রা)
বায়রা ভবন, ১৩০, নিউ ইস্কাটন রোড, ঢাকা-১০০০।

(একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত)

স্মারক নং-বায়রা/নির্বাচন/২০৫/২০২৪/২৪

তারিখ: ০৭/১১/২০২৪ ইং

বিজ্ঞপ্তি

বিষয়: বায়রা কার্যনির্বাহী কমিটির ২০২৪-২০২৬ মেয়াদের নির্বাচনী পুন:তফসিল (আংশিক সংশোধন) প্রসঙ্গে


এতদ্বারা বাংলাদেশ এসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সীজ (বায়রা) এর সম্মানিত সদস্যবৃন্দের অবগতির জন্যে জানানো যাচ্ছে যে, বায়রা সংঘস্মারক ও সংঘবিধির নির্বাচন সংক্রান্ত বিধি-বিধান, বাণিজ্য সংগঠন বিধিমালা-১৯৯৪ এবং বাণিজ্য মন্ত্রণালয়ের ১১/০৬/২০২৪ ইং তারিখের ২৬.০০.০০০০.১৫৭.৩৩.০৫৩.১৪.১২১ নং স্মারক ও ১৫/০৮/২০২৪ ইং তারিখের ২৬.০০.০০০০.১৫৭.৩৩.০০৯.৮৯.৬৬৭ নং স্মারকের নির্দেশনা অনুযায়ী ২০২৪-২০২৬ মেয়াদের ২৭(সাতাশ) সদস্য বিশিষ্ট ২(দুই) বছরের জন্য কার্যনির্বাহী কমিটির নির্বাচন আগামী ১০/১২/২০২৪ ইং তারিখ (মঙ্গলবার) অনুষ্ঠিত হবে।

এ বিষয়ে মহামান্য হাইকোর্টের রীট পিটিশন নং- ১৩০৮৯/২০২৪, সিভিল মিস পিটিশন ৮১৭/২০২৪ ও ৮২৪/২০২৪ এর আদেশ অনুযায়ী বায়রা নির্বাচন বোর্ড ২০২৪ এর ২৪/১০/২০২৪ ইং তারিখের বায়রা/নির্বাচন/২০৫/২০২৪/১৮ নং স্মারকের বর্ণিত বিজ্ঞপ্তির পুন:তফসিলের ক্রমিক নং- ৭ ও ৮ নং নিম্নোক্তভাবে সংশোধন করা হলো:


ক্রমিক নং	কার্যক্রম	তারিখ, বার ও সময়
৭.	নির্বাচন বোর্ডের নিকট হতে নির্বাচন কার্যপরিধি ও আচরণ বিধি এবং মনোনয়ন পত্র বিতরণ	মহামান্য হাইকোর্টের নির্দেশনা পাওয়ার পর থেকে ০৭ নভেম্বর ২০২৪, বৃহস্পতিবার পর্যন্ত মনোনয়ন পত্র বিতরণ বন্ধ থাকায় নির্বাচন বোর্ডের সিদ্ধান্তক্রমে ১(এক) দিন বৃদ্ধি করে ০৮ নভেম্বর ২০২৪, শুক্রবার সকাল ১০.০০টা হতে রাত ৮.০০টা পর্যন্ত বৃদ্ধি করা হলো
৮.	নির্বাচনে অংশগ্রহণে আগ্রহী প্রার্থীদের নির্বাচন বোর্ডের নিকট মনোনয়ন পত্র দাখিল	৯ নভেম্বর ২০২৪ শনিবার, সকাল ১০.০০টা হতে রাত ৮.০০টা পর্যন্ত

বাণিজ্য সংগঠন ম্যানুয়েল ১৫(ঘ) অনুচ্ছেদ মোতাবেক “নির্বাচন প্রার্থীর মনোনয়নপত্র দাখিলের তারিখ, যাহা নির্বাচন তারিখের অন্তত ৩০ দিন পূর্বের একটি তারিখ হইবে” বিধায় মনোনয়নপত্র দাখিলের তারিখ অপরিবর্তিত রেখে বিতরণের জন্য ১(এক) দিন বৃদ্ধি করা হয়েছে।


উল্লেখ্য, ২৪/১০/২০২৪ ইং তারিখের বায়রা/নির্বাচন/২০৫/২০২৪/১৮ নং স্মারকের বর্ণিত বিজ্ঞপ্তিতে পুন:তফসিলের অন্যান্য কার্যক্রম অপরিবর্তিত থাকবে। নির্বাচনী পুন:তফসিল মোতাবেক নির্বাচনে অংশগ্রহণ করে সৃষ্টভাবে নির্বাচন কার্যক্রম পরিচালনার জন্য সম্মানিত ভোটারগণের সহযোগিতা কামনা করা হলো।


(আবু বকর সিদ্দিক)
সদস্য

বায়রা নির্বাচন বোর্ড, বায়রা নির্বাচন-২০২৪


(হারুনুর রশিদ)
চেয়ারম্যান

বায়রা নির্বাচন বোর্ড, বায়রা নির্বাচন-২০২৪


(মাজহারুল ইসলাম)
সদস্য

বায়রা নির্বাচন বোর্ড, বায়রা নির্বাচন-২০২৪